

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

আন্তর্জাতিক ও হিসাব পরিপত্র নং- ০৪/২০১৫

তারিখ : ২৩-০৬-২০১৫

বিষয় : ২০১৫-১৬ অর্থবছরে ব্যাংকের শাখাসমূহের মুনাফা অর্জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও উহার অর্জন প্রসঙ্গে।

২০১৫-১৬ অর্থ বছরে বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখাসমূহের মোট মুনাফা অর্জনের লক্ষ্যমাত্রা ৮০০.০০ (আটশত) কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। এই মুনাফা অর্জনের জন্য বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে প্রদত্ত হলো :

(কোটি টাকায়)

ক্রমিক নং	বিভাগের নাম	প্রধান কার্যালয়ের সুদসহ মুনাফা অর্জন লক্ষ্যমাত্রা
১	ঢাকা	১৫০.০০
২	ময়মনসিংহ	৩৫.০০
৩	চট্টগ্রাম	২৭৫.০০
৪	খুলনা	৩৫.০০
৫	সিলেট	৩০.০০
৬	কুমিল্লা	৬০.০০
৭	বরিশাল	৩০.০০
৮	ফরিদপুর	২৫.০০
৯	কুষ্টিয়া	৩৫.০০
১০	এলপিও	১২৫.০০
সর্বমোট :		৮০০.০০


০২। ব্যাংকের আয়ের সিংহভাগই আসে ঋণের সুদ আয় খাত হতে। কিন্তু শ্রেণীবিন্যাসিত ঋণের আধিক্য, ৫২-স্থগিত সুদ হতে আয় খাতে স্থানান্তরের পরিমাণ কম হওয়া, অশ্রেণীকৃত ঋণের পরিমাণ কাংখিত পর্যায়ে উন্নীত না হওয়া, সুদ মওকুফ/ঋণ অবলোপন প্রভৃতি কারণে ব্যাংকের সুদ আয় কাংখিত পরিমাণ অর্জিত হয়নি। ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানে উন্নীতকরনের লক্ষ্যে সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলা ছাড়া কোন বিকল্প নেই। তারই অংশ হিসাবে ব্যাংকের আয় বৃদ্ধি করা আবশ্যিক।

০৩। ব্যাংকের ঋণের সুদ আয় সহ সকল খাত হতে আয় বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবে :

- ◇ ব্যাংকের শ্রেণীকৃত ঋণের পরিমাণ ক্রমাগত হ্রাস;
- ◇ জেনারেল ব্যাংকিং সুবিধা সম্প্রসারণ (ফি ও কমিশন খাত) দ্বারা অন্যান্য আয় বৃদ্ধি;
- ◇ বৈদেশিক বিনিময় ব্যবসা/ননফাভেড ব্যবসা বৃদ্ধির মাধ্যমে আয় বৃদ্ধি;
- ◇ শ্রেণীকৃত ঋণ আদায়ের মাধ্যমে ৫২-খাতে হিসাবভুক্ত স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর;
- ◇ অশ্রেণীকৃত ঋণ প্রি-ম্যাচিউরড আদায় না করে নির্ধারিত সময়ে আদায়ের মাধ্যমে সুদ আয় বৃদ্ধি;
- ◇ শ্রেণীকৃত ঋণ ১০০% আদায় করে উক্ত টাকা আবারও বিতরণ করে অশ্রেণীকৃত ঋণের পরিমাণ বৃদ্ধি;
- ◇ বন্ধকী ঋণ সহ খাত ভিত্তিক মানসম্পন্ন ঋণ বিতরণ;
- ◇ মেয়াদী আমানত, ডিপিএস, এসপিএস প্রভৃতির বিপরীতে অধিক পরিমাণ ঋণ বিতরণ;
- ◇ অবলোপনকৃত ঋণ আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধি;
- ◇ মোবাইল ব্যাংকিং, বৈদেশিক রেমিটেন্স আনয়নের জন্য প্রবাসীদের সাথে যোগাযোগ বৃদ্ধি।

০৪। আপরদিকে আর্থিক ভিত্তি সুদৃঢ়করনের মাধ্যমে ব্যাংককে মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠানে উত্তরনের জন্য ব্যয়ের সর্বোচ্চ খাত তথা আমানতের উপর সুদ ব্যয় হ্রাসের উদ্দেশ্যে নিম্নোক্ত কৌশল অবলম্বন যথারীতি অব্যাহত রাখতে হবে :

- ◇ সুদ বিহীন ও কমসুদবাহী আমানত অধিক পরিমাণে সংগ্রহ;
- ◇ অধিক সুদবাহী আমানত ক্রমাগত ছাড়করণ ও উন্নত ঘাটতি কমসুদবাহী আমানত দ্বারা পূরণ;
- ◇ আমানত মিশ্রণ (Deposit Mix) এ গুণগত পরিবর্তন এনে স্থিতিশীল আমানত ভিত্তি গড়ে তোলা;
- ◇ কষ্ট অব ডিপোজিট কাংখিত পর্যায়ে নামিয়ে আনা;
- ◇ নিয়ন্ত্রণযোগ্য ব্যয়সমূহ বাজেটের মধ্যে সীমাবদ্ধ রাখা।



০৬। এমতাবস্থায়, সকল শাখাকে আয় বৃদ্ধি করার লক্ষ্যে বছরের শুরু হতেই কর্মপরিকল্পনা গ্রহণ এবং শাখার সকল কর্মকর্তা/কর্মচারীকে সম্পৃক্ত করে তা বাস্তবায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত পর্যায়ে মুনাফা অর্জন নিশ্চিত করার পরামর্শ দেয়া হলো। এ লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে প্রদত্ত লক্ষ্যমাত্রা বিভাগীয় মহাব্যবস্থাপকগণ আগামী ০৬-০৭-২০১৫ ইং তারিখের মধ্যে স্ব স্ব অঞ্চল ও কর্পোরেট শাখাসমূহে এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রদত্ত অঞ্চলের লক্ষ্যমাত্রা অঞ্চলাধীন সকল শাখার মধ্যে আগামী ১৩-০৭-২০১৫ তারিখের মধ্যে বন্টন করে ইহার কপি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করবেন।

০৭। পরবর্তীতে নিয়মিতভাবে অগ্রগতি মূল্যায়ন ও পরিধারন করার লক্ষ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় নিম্নবর্ণিত ছকে প্রতিবেদন মাসিক ভিত্তিতে শাখা হতে সংগ্রহ করে শাখাওয়ারী একীভূত প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবে। বিভাগীয় কার্যালয় কর্পোরেট শাখাসহ অঞ্চলওয়ারী তথ্য সংকলন করে একটি একত্রীভূত প্রতিবেদন পরবর্তী মাসের ০৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবেন।

“ছক”

বাংলাদেশ কৃষি ব্যাংক

..... বিভাগ


বিষয় : ২০১৫-১৬ অর্থবছরে ব্যাংকের মুনাফা অর্জনের ক্ষেত্রে ০১-০৭-২০১৫ ইং হতে

.....মাস পর্যন্ত ক্রমপঞ্জিভূত বিবরণী।

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঞ্চলের নাম	সর্বমোট রাজস্ব প্রাপ্তি	সর্বমোট রাজস্ব ব্যয়	মুনাফা	মুনাফা অর্জনের লক্ষ্যমাত্রা	অর্জনের হার	প্রধান কার্যালয়ের তহবিলের উপর নীট সুদ প্রাপ্তি
১	২	৩	৪	৫ = (৩ - ৪)	৬	৭	৮


০৮। এমতাবস্থায়, ২০১৫-২০১৬ অর্থ বছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৮০০.০০ (আটশত) কোটি টাকা মুনাফা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(পীযুষ চন্দ্রভাওয়াল)
মহাব্যবস্থাপক (হিসাব)
তারিখ : ২৩-০৬-২০১৫

নং-প্রকা/হিসাব-১/১৭(৬৫)/২০১৪-১৫/ ২৬৮৬ (১২১০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- (১) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- (২) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১ / ২ এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- (৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- (৪) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয় সমূহ, স্থানীয় মুখ্য কার্যালয়।
- (৫) সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ অধ্যক্ষ টি আই, বিকেবি, প্রকা, ঢাকা।
- (৬) উপমহাব্যবস্থাপক, আই সি টি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- (৭) উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা সমূহ, বিকেবি।
- (৮) সকল বিভাগীয় / আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় / আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় বিকেবি।
- (৯) সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয় বিকেবি।
- (১০) সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
- (১১) নথি / মহানথি।


(মোঃ আবদুল কুদ্দুস সিকদার)
উপ- মহাব্যবস্থাপক (দায়িত্বে)